

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৮৮৬৫১
E-Mail: dhakapbs01@gmail.com

ISO 9001:2015 Certified

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫১৬.০২.১০০.১৯. ৩২৪৭

তারিখঃ- ২৭-০৫-২০১৯ খ্রিঃ।

“কাজ নাই মজুরী নাই শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি”

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইয়ারপুর উপকেন্দ্রের (২য় শ্রেণীর কেপিআইভুক্ত স্থাপনা) নিরাপত্তার জন্য “ কাজ নাই মজুরী নাই ” এই শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ


ক্রঃ নং	পদের নাম ও পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	অস্থায়ী ভিত্তিতে দৈনিক মজুরী (টাকা)	বয়স
০১	নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই-এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিক) পদ সংখ্যা-০১ (এক)	এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, পরিশ্রমী এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিগত সম্পন্ন হতে হবে।	৪০০.০০ (চারশত)	প্রার্থীর বয়স ২০-০৬-২০১৯ খ্রিঃ সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক অত্র সাথ সংযুক্ত আবেদন ফরম পূরন করতঃ পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদপত্র (ছবি ও কাগজাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত পূর্বক আবেদনপত্র আগামী ২০-০৬-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে কাজ নাই মজুরী নাই এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দৈনিক ৪০০.০০ (চারশত) টাকা মজুরীতে নিয়োগ করা হবে।
- অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে এবং পুলিশী রিপোর্ট সন্তোষজনক না হলে দৈনিক মজুরী ভিত্তিক চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে।
- অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- কোনরূপ তথ্য গোপন করে নিয়োগ লাভ করলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুতিসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সমিতি কর্তৃপক্ষ কোন প্রকার নোটিশ ব্যতিরেকেই দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত কর্মীকে কাজ হতে অব্যাহতি প্রদান করতে পারবেন।

- (জ) নির্বাচিত প্রার্থী ডিউটিকালীন কর্মস্থলে অনুপস্থিত থাকতে পারবেন না এবং শৃংখলাজনিত কারণে (কর্তব্য কাজে বা দায়িত্ব পালনে গাফিলতি/অবহেলা, দুর্নীতি ইত্যাদি) অভিযুক্ত হলে ও প্রমাণিত হলে দায়িত্ব হতে তাৎক্ষণিকভাবে অব্যাহতি প্রদান করা হবে।
- (ঝ) সপ্তাহের প্রতি দিনই নির্বাচিত প্রার্থীকে ইয়ারপুর উপকেন্দ্রে শিফটিং এর ভিত্তিতে দিনে অথবা রাতে যে কোন সময় নির্ধারিত ডিউট/দায়িত্ব পালন করতে হবে।
- (ঞ) দৈনিক হাজিরা ও মজুরীর ভিত্তিতে নির্ধারিত হারে (৪০০/- টাকা হিসেবে) দাখিলকৃত বিল উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশ সাপেক্ষে পবিস কর্তৃক হিসাবের খাতে প্রদত্ত চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
- (ট) কাজ নাই মজুরী নাই শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত নিরাপত্তা প্রহরী কখনো কোনক্রমেই নিয়মিত হবে না,তাকে যে কোন সময় অব্যাহতি প্রদান করা হতে পারে, সমিতি কর্তৃপক্ষের এই শর্তের সাথে একমত পোষণ করলেই কেবল সংশ্লিষ্ট প্রার্থীগণ আবেদন করবেন। নির্বাচিত প্রার্থী বর্ণিত শর্তসমূহের আলোকে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার নামা প্রদান করবেন।
- (ঠ) নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তিঃ-আবেদন ফরম-০১ পৃষ্ঠা।


(মোঃ আর্জহার আলী)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বহল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা/ কালিয়াকৈর, গাজীপুর।
- ০৭। ডিজিএম(HQ-Tech)/আশুলিয়া/কালিয়াকৈর/চন্দ্রা/ শ্রীপুর/জামগড়া/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
- ০৮। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১।
- ০৯। ওয়েব সাইট, ঢাকা পবিস-১ (pbs1.dhaka.gov.bd)।

জেনারেল ম্যানেজার।